

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা

নং-৪৬.০৪২.০১৪.৪০.০১.০৪১.২০১৪ ৪৬৩০

তারিখঃ ৬.১২.২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয় : ২০১৪-২০১৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) সাধারণ বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ বিভাগীয় কমিশনারের কার্যালয় স্মারক নং- ০৫.৪৭.০০০০.০০৯.০৩.০০৭.১২-৩২৫, তারিখ-০৯.০৯.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এডিপি সাধারণ বরাদ্দের আওতায় প্রকল্প তালিকা চূড়ান্ত করণের লক্ষ্যে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে সুস্পষ্ট নির্দেশনা দেয়া সত্ত্বেও ২০১৪-২০১৫ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় প্রকল্প গ্রহণ কালে জনাব মোঃ গোলাম মোস্তফা, মাননীয় সংসদ সদস্য, ১৪ নীলফামারী-৩ এবং জনাব মোঃ শওকত চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-৪ এর পরামর্শ গ্রহণ না করায় জটিলতা সৃষ্টি হয়। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতে জানতে চাওয়া হলে প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রশাসক পরস্পর বিরোধী মতামত প্রদান করেন। কিন্তু প্রকল্প গ্রহণে নীলফামারী-৩ ও নীলফামারী-৪ আসনের মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ করা হয়নি। যা মোটেই কাম্য নয়।

২। এমতাবস্থায়, নীলফামারী জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নে জটিলতা পরিহারের লক্ষ্যে ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় প্রকল্প গ্রহণকালে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া এডিপি বরাদ্দের আওতায় প্রকল্প নির্বাচনের লক্ষ্যে অনুষ্ঠেয় জেলা পরিষদ উন্নয়ন ও সমন্বয় কমিটির সভায় মাননীয় সংসদ সদস্যগণ যাতে উপস্থিত থেকে পরামর্শ প্রদান করেন সে বিষয়ে পত্র দেয়ার জন্যও অনুরোধ করা হলো।

(জুবাইদা নাসরীন)  
উপ সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নীলফামারী।

অনুলিপি :

১. মাননীয় সংসদ সদস্য, ১৪ নীলফামারী-৩/ মাননীয় সংসদ সদস্য ১৪ নীলফামারী-৪, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রংপুর।
৩. প্রশাসক, জেলা পরিষদ, নীলফামারী।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।